

নম্বর : ৪৬.০০.৪২০০.০৪২.১৪.০৭৬.১৯.২৩০১

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থবছরে ঝালকাঠি জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় স্কিম অনুমোদন সংক্রান্ত।


সূত্র: ঝালকাঠি জেলা পরিষদের স্মারক নং-ঝা:জে:প:/২০২১-১২৩, তারিখ: ১০ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২২ অর্থবছরে ঝালকাঠি জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৬২৫.০০ লক্ষ (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৮৫টি স্কিমের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত স্কিমের মধ্যে ক্রমিক নং- ৫৪, ৬০, ৬৩, ১৩১, ১৫১, ১৬০, ১৭১, ২১৭, ২৩০, ২৪৮, ২৫১, ২৫৫, ৩৯৩, ৩৯৬, ৪০৮, ৪১৮, (৪২২-৪২৩) ও ৪৩৪ এ বর্ণিত ১৯.৫০ লক্ষ (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৯টি স্কিম নলকূপ স্থাপন/ব্যবসা প্রতিষ্ঠানে ঘাটলা নির্মাণ সংক্রান্ত ত্রুটিপূর্ণ প্রস্তাব হওয়ায় তা পরিবর্তন করে প্রেরণের জন্য এবং ক্রমিক নং-৯, (৪২-৪৩) ও ৩২৩ এ বর্ণিত ৬.০০ লক্ষ (ছয় লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪টি স্কিমের দালিলিক তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। পাশাপাশি, উক্ত ২৩টি স্কিম ব্যতীত অবশিষ্ট ৪৬২টি স্কিম ৫৯৯.৫০ লক্ষ (পাঁচ কোটি নিরানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝালকাঠি।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।